

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৮৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُطِيلُ الْقِرَاءَةَ فِي الرَّكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ حَتَّى يَتَفَرَّقَ أَهْلُ الْمَسْجِدِ. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১১৮৩-[২৫] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের সালাতের শেষে (সুন্নাতের) দু' রাক্'আত সালাতে এত বড় কিরাআত (কিরআত) পড়তেন যে, লোকেরা তাদের সালাত (সালাত/নামায/নামাজ) শেষ করে (বাড়ী) চলে যেতেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৩০১, সুনান আল কুবরা লিল বায়হাকী ৩০৪২। কারণ এর সানাদে ইয়া'কূব ইবনু 'আবদুল্লাহ এবং জা'ফার ইবনু আল মুগীরাহ্ শক্তিশালী রাবী নয়।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُطِيلُ الْقِرَاءَةَ فِي الرَّكْفَتَيْنِ بَعْدَ الْمَغْرِب) রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের ফরয সালাতের পর দু' রাক্'আত সালাতে কিরাআত (কিরআত) দীর্ঘ করতেন। অর্থাৎ কখনো কখনো এরূপ করতেন। কেননা ইবনু মাস্'উদ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) এ সালাতে সূরাহ্ কাফিরূন ও সূরাহ্ ইখলাস পাঠ করতেন। অতএব বুঝা গেল যে, এ দীর্ঘ করা সার্বক্ষণিক নয়।

(حَتَّى يَتَفَرَّقَ أَهْلُ الْمَسْجِدِ) এমনকি মসজিদের লোকজন তাদের সালাত (সালাত/নামায/নামাজ) শেষ করে চলে যেতেন। এতে বুঝা যায় যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সালাত মসজিদেও আদায় করতেন। অর্থাৎ এ সালাত মসজিদে আদায় করাও বৈধতা বুঝানোর জন্য তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো কখনো এ সালাত মসজিদেই আদায় করতেন।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন